# <u>শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট</u>

**শ্রেণি- চতুর্থ**

**বিষয় :- ইতিহাস**

**একক- দেশে দেশে সাম্রাজ্য বিস্তার**

**উপএকক-হর্ষবর্ধনের সাম্রাজ্য,আরবীয় সাম্রাজ্য।**

1)নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও।

ক)হর্ষবর্ধন কে ছিলেন?

উ: হর্ষবর্ধন ছিলেন পুষ্যভূতি বংশের রাজা প্রভাকরবর্ধনের কনিষ্ঠ পুত্র। তার বড় ভ্রাতার নাম ছিল রাজ্যবর্ধন।তাদের রাজধানী ছিল থানেশ্বর। পরবর্তীকালে হর্ষবর্ধন কনৌজ অধিকার করেন এবং সেই সিংহাসনে বসেন।

খ) হর্ষবর্ধনের কৃতিত্ব সম্বন্ধে যা যান লেখো।

উ:হর্ষবর্ধন ছিলেন একজন সুশাসক। তার রাজ্যে সর্বদা শান্তি শৃঙ্খলা বজায় থাকত। তার সময়ে বিদেশ থেকে বহু জ্ঞানীগুণী মানুষ ভারতবর্ষে আসেন। রাজ্যশাসনের পাশাপাপাশি হর্ষবর্ধনের সাহিত্যের প্রতি অনুরাগ ছিল। তিনি নিজে তিনটি নাটক রচনা করেছিলেন। যেগুলি ভারতীয় সাহিত্যের উৎকৃষ্ট সম্পদ হিসাবে পরিগনিত হয়। তার সময়ে নালন্দা বিশ্ববিদ্যালয় বিশেষ খ্যাতি লাভ করে।

গ)হর্ষবর্ধনের নাটকগুলি কোন ভাষায় রচিত? নাটক গুলির নাম কী?

উ: হর্ষবর্ধনের নাটকগুলি সংস্কৃত ভাষায় রচিত। নাটকগুলির নাম হল- নাগানন্দ, প্রিয়দর্শিকা ও রত্নাবলী।

ঘ) বানভট্ট কে ছিলেন?

উ: হর্ষবর্ধনের সভাকবি ছিলেন বানভট্ট। তার রচিত " হর্ষচরিত" গ্রন্থ থেকে হর্ষবর্ধনের শাসনকাল সম্বন্ধে জানা যায়।

ঙ) হজরত মহম্মদ কত খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন? তিনি কোন ধর্মের সূচনা করেন?

উ: ৫৭০খ্রি: মক্কা শহরে হজরত মহম্মদ জন্ম গ্রহণ করেন। তিনি ইসলাম ধর্মের সূচনা করেন।

চ) আরবীয় সাম্রাজ্য কীভাবে গড়ে উঠেছিল? এই সাম্রাজ্যের প্রধানকে কী বলা হয়?

উ: প্রথম দিকে আরবীয়রা ছোট ছোট গোষ্ঠীতে বিভক্ত ছিল। কিন্তু ইসলাম ধর্ম গ্রহণ করে তারা জোটবদ্ধ হয় এবং বিশাল সাম্রাজ্য গড়ে তোলে। সাম্রাজ্যের প্রধানকে বলা হয় খলিফা।

ছ) কোন কোন দেশ নিয়ে বিশাল আরব সাম্রাজ্য গড়ে ওঠে?

উ: আরব,পারস্য,আফ্রিকা, তুর্কি এবং মধ্য এশিয়ার আফগানিস্তান জুড়ে বিশাল আরব সাম্রাজ্য গড়ে ওঠে। এই সময় এই সাম্রাজ্যে শিক্ষা সংস্কৃতির প্রসার ঘটেছিল।

জ) সবুক্তিগিন কে ছিলেন? তিনি কোন কোন অঞ্চল জয় করেন? তার পুত্রের নাম কী ছিল?

উ: গজনির সুলতান ছিলেন সবুক্তিগিন। তিনি পাঞ্জাব ও কাশ্মীর জয় করেন। তার পুত্রের

নাম ছিল মামুদ। তিনি অনেকবার ভারতবর্ষ আক্রমণ করেন এবং প্রচুর ধনসম্পদ লুণ্ঠন করেন।

*বই ভালোভাবে রিডিং পড়বে। বই এর সব প্রশ্ন উত্তর পড়বে।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**